শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ।

*তাগিদপত্র-৪*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-৩
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৭৪.০৩.০০১.১৭.১২ তারিখঃ ০৬.০১.২০১৯ খ্রিঃ।

বিষয় ঃ খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ এর উপর মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ ১। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পত্র নং-২২.০০.০০০০.০৭৪.০৩.০০১.১৭.৭৬৭; তারিখঃ ৩১.১২.২০১৭খ্রিঃ।
২। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পত্র নং-২২.০০.০০০০.০৭৪.০৩.০০১.১৭.১৫২; তারিখঃ ০৭.০৬.২০১৮ খ্রিঃ।
৩। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পত্র নং-২২.০০.০০০০.০৭৪.০৩.০০১.১৭.২৯৯; তারিখঃ ১১.১১.২০১৮ খ্রিঃ।
৪। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পত্র নং-২২.০০.০০০০.০৭৪.০৩.০০১.১৭.২৯৯; তারিখঃ ১১.১১.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ কার্যকর হওয়ার পর বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০১০ এর মাধ্যমে মুল আইনের অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে। এই পরিবর্তনগুলো পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ -তে যথাযথভাবে প্রতিফলিত হওয়া প্রয়োজন। দীর্ঘ সময়ের ব্যবধানে পরিবেশের অবস্থা নির্দেশক বিভিন্ন মানমাত্রাগুলো পুনঃনির্ধারণ করার প্রয়োজনীয়তা রয়েছে। এছাড়া বিদ্যমান বিধিমালায় পরিবেশগত ছাড়পত্রের জন্য বিবেচ্য কারখানা বা প্রকল্পগুলোর বিভিন্ন শ্রেণীতে বিভক্ত তালিকা হালনাগাদ করা আবশ্যক। প্রসঙ্গতঃ উল্লেখ্য, বিদ্যমান বিধিমালায় চারটি শ্রেণী রয়েছে, যথা-সবুজ, কমলা-ক, কমলা-খ ও লাল) এবং প্রণীতব্য বিধিমালায় চারটি শ্রেণীর ভিন্নরূপ নামকরন করা হয়েছে, যথা-সবুজ, হলুদ, কমলা ও লাল। মূলতঃ পরিবর্তিত আর্থ-সামাজিক কর্মকান্ড, শিল্পায়ন, নগরায়নসহ বর্তমান বাস্তবতার প্রেক্ষাপটে বিদ্যমান বিধিমালার ব্যাপক পরিবর্তনের আবশ্যকতা অনুভুত হওয়ায় এই পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

বিধিমালাটির প্রস্তাবিত খসড়া প্রস্তুতিকালে পরিবেশ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সম্পৃক্ত করা হয়েছে। দীর্ঘ সময় ধরে আলোচনাকালে বিধিমালার প্রতিটি বিধি/উপবিধি ও মানমাত্রার সব তফসিল পর্যালোচনা করা হয়েছে। এগুলো নির্ধারণের জন্য আন্তর্জাতিক ক্ষেত্রে অনুসৃত এবং প্রতিবেশী দেশসমূহে অনুসরণীয় মানমাত্রার সাথে সঙ্গতি রাখা হয়েছে। বিভিন্ন প্রকল্প বাসত্মবায়নের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতার আলোকে এবং বর্তমান দক্ষতা সম্পন্ন উন্নত প্রযুক্তির লভ্যতার বিষয়টি বিবেচনা করে পরিবেশের কতিপয় মানমাত্রা ও শ্রেণিগত তালিকা পরিবর্তনের সুপারিশ করা হয়েছে। খসড়া বিধিমালার উপর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ পরিবেশ সংশ্লিষ্ট দেশী ও বিদেশী বিশেষজ্ঞদের অনানুষ্ঠানিক পরামর্শ গ্রহণ করা হয়েছে। এছাড়া প্রস্তাবিত বিধিমালায় বাংলাদেশ বিনিয়োগ কর্তৃপক্ষ (বিডা) এবং Business Initiative Leading Development (BUILD) এর মতামত গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। বর্তমানে খসড়া বিধিমালার উপর মন্ত্রণালয় পর্যায়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থাসহ বেসরকারি সংগঠনসমূহের মতামত গ্রহণ করে বিধিমালাটি চূড়ান্ত করা প্রয়োজন। সে আলোকে খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ এর উপর স্ব-স্ব দপ্তরের মতামত ২০.১২.২০১৮ তারিখের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সূত্রস্থ পত্রসমূহের দ্বারা অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু অদ্যাবধি কোন মতামত পাওয়া যায়নি।

এমতাবস্থায়, খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ এর উপর স্ব-স্ব দপ্তরের মতামত (ই-মেইল ঃ monishchakma18@gmail.com) আগামী ৩(তিন) কার্যদিবসের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে মতামত পাওয়া না গেলে মতামত নেই মর্মে গণ্য করা হবে। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ এর খসড়াটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ‘‘খবর’’ অংশে আপলোড করা আছে।

০৬/০১/২০১৯

(মনীষ চাকমা)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৭২২৩

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তি তে নয়) ঃ

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
০২। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
০৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
০৪। সচিব, অর্থ বিভাগ।
০৫। সচিব, খাদ্য মন্ত্রণালয়।
০৬। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
০৭। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
০৮। সচিব, জননিরাপত্তা বিভাগ।

অনুলিপি ঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০২। সিস্টেম এনালিষ্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ টি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের "খবর" অংশে আপলোড করার অনুরোধসহ)।